# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কৃষিশিক্ষা

বিষয় কোড : | ১ | ৩ | ৪ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট　　সৃজনশীল প্রশ্ন　　পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ সাবিত একজন মধ্যবিত্ত কৃষক। তার বাড়ি গাজীপুরের বাংগুরীতে। তিনি প্রতিবছর প্রায় সব মৌসুমে নিজ জমিতে বিভিন্ন ধরনের প্রচুর ফসল উৎপাদন করেন। তবে এ অঞ্চলের সুবিধার কারণে এখানে কতিপয় শস্য তুলনামূলকভাবে বেশি জন্মে। তার স্ত্রীর বাপের বাড়ি কালীগঞ্জে। আবার ও অঞ্চলে ফসল তেমন উৎপাদন হয় না। কারণ এটা নির্ভর করে কৃষি আবহাওয়ার ওপর।

ক. মাটি বলতে কী বুঝ? ১

খ. কিভাবে মাটির পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি করা যায়? ২

গ. সাবিতের এলাকার মাটির প্রকৃতি ও কী কী ফসল উৎপন্ন হয় বর্ণনা কর। ৩

ঘ. 'অঞ্চলভেদে কৃষি আবহাওয়ার ওপর ফসল উৎপাদনের ভারসাম্য নির্ভর করে।'—বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ সুজন ও তার ক্লাসের কয়েক বন্ধু মিলে মাঝে মাঝে ফসলের মাঠ পরিদর্শনে যায়। একবার তারা মাঠে গিয়ে দেখল কৃষকরা গম চাষের জন্য জমি তৈরি করছেন। তারা বুঝতে পারল যে, ভিন্ন ভিন্ন ফসলের জন্য জমি ভিন্নভাবে প্রস্তুত করা হয়।

ক. জমি চাষ কী? ১

খ. আলু চাষের জন্য জমি কীভাবে প্রস্তুত করা হয়? ২

গ. সুজনদের পরিদর্শনে যাওয়া মাঠের ঐ মাটির কী কী বৈশিষ্ট্য থাকা উচিত বর্ণনা কর। ৩

ঘ. জমি প্রস্তুতি সম্পর্কিত তাদের উপলব্ধি মূল্যায়ন কর। ৪

**৩.** ▶ জাভেদ সাহেব কৃষি কর্মকর্তা। তিনি উত্তরবঙ্গে খরা পীড়িত অঞ্চলে তার বন্ধুর বাড়িতে বেড়াতে যান। তার বন্ধু কৃষক হওয়ায় খরার জন্য তার বিভিন্ন ফসল উৎপাদনের জন্য যেসব সমস্যায় পড়েন তা জাভেদ মিয়ার কাছে ব্যক্ত করেন। জাভেদ সাহেব খরা প্রতিরোধে ফসলের দুটি অভিযোজন কৌশল-১. খরা এড়ানো এবং ২. খরা পরবর্তীকরণ। ব্যাখ্যা করেন।

http://teachingbd.com

ক. খরা কী? ১

খ. বিভিন্ন প্রকার খরায় যে ফসল ঘাটতি হয় তা বর্ণনা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রথম কৌশলটি দ্বারা কীভাবে ফসল উৎপাদন করা যবে বলে তুমি মনে কর? ৩

ঘ. জাভেদ সাহেব তার বন্ধুকে দ্বিতীয় যে কৌশলটি ব্যাখ্যা করেন— তা ব্যাখ্যা কর। ৪

৪. ▶ সুবিধাভোগী চাষী হাঁস পালনের বিভিন্ন পদ্ধতিগুলো সম্পর্কে বিস্তারিত আলোচনা করলেন। এরপর বললেন, তোমরা ভাসমান পদ্ধতিতে হাঁস পালনের সুবিধা ও অসুবিধাগুলো সম্পর্কে বিস্তারিত পরে জানবে।

ক. হাঁস পালনের সবচেয়ে সহজ পদ্ধতি কোনটি? ১

খ. হাঁস পালনের প্রতিবন্ধকতার কারণ কী? ব্যাখ্যা কর। ২

গ. সুবিধাভোগী চাষী যে পদ্ধতি সম্পর্কে সাধারণ চাষীদের বললেন তা বর্ণনা কর। ৩

ঘ. হাঁস পালনের যে অসুবিধা তার চেয়ে বেশি সুবিধা থাকবে— বিশ্লেষণ কর।৪

৫. ▶ কুদরত বাড়ী তৈরির সময় গৃহে ব্যবহারের জন্য ২০ বছর পূর্বে লাগানো দুটি মেহগনি গাছ কেটে ফেলেন। গাছ দুটি কাটার সময় শ্রমিকরা কুঠার ব্যবহার করেন। তার গাছ দুটির লগের দৈর্ঘ্য ৮ মিটার চিকন মাথার বেড় ২ মিটার, মাঝের অংশের বেড় ২.৫ মিটার ও মোটা মাথার বেড় ছিল ৩ মিটার।

ক. কাঠ সিজনিং কী? ১

খ. আবর্তন কালের ভিত্তিতে গামার, শিশু কোন ধরনের উদ্ভিদ ব্যাখ্যা কর। ২

গ. কুদরত আলীর একটি গাছের ভলিউম নির্ণয় কর। ৩

ঘ. কুদরত আলীর গৃহীত কার্যক্রমটি সঠিক ছিল কিনা বিশ্লেষণ কর। ৪

৬. ▶ হনুফা-লাবণী দীর্ঘদিন ধরে নিজ আঙিনায় দেশি জাতের মুরগি পালন করে আসছে। এতে তেমন লাভবান না হওয়ায় তারা পোল্ট্রি খামারের ওপর প্রশিক্ষণ নিয়ে পারিবারিক পোল্ট্রি খামার স্থাপন করেন। অল্প সময়ের মধ্যেই তারা সফলতা লাভ করেন। কিন্তু তারা লক্ষ করলেন তাদের খামারের বর্জ্যগুলো বাড়ির পরিবেশকে দূষিত করেছে। এ অবস্থায় তারা খামারের বর্জ্যগুলো পচিয়ে ফসলের জমিতে ব্যবহারের উদ্যোগ গ্রহণ করেন।

ক. পারিবারিক খামার কাকে বলে? ১

খ. বাণিজ্যিক খামারের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ. হনুফা-লাবণীর সফলতার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. হনুফা-লাবণীর উদ্যোগটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com

# কৃষিশিক্ষা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট | পূর্ণমান — ৩৫ | বিষয় কোড : ১ ৩ ৪

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **কোনটি বোরো ধানের জাত?**
ক) গাজী খ) প্রগতি
গ) ব্রি ধান-২৮ ঘ) ব্রি ধান-৪৬

২. **কোনটি মাটির পানি ধারণ ক্ষমতা বাড়ায়?**
ক) ভূমি কর্ষণ খ) সার প্রয়োগ
গ) মই দিয়ে চাষ ঘ) আগাছা দমন

৩. **কোন মাটির সচ্ছিদ্রতা কম?**
ক) ভারী মাটির
খ) বেলে দো-আঁশ মাটির
গ) কংকরময় মাটির ঘ) পলিমাটির

৪. **কত আর্দ্রতায় বীজের জীবনীশক্তি নষ্ট হয়?**
ক) ২৫-৩৫% খ) ১৮-৪০%
গ) ৩৫-৫০% ঘ) ৪০-৭০%

৫. **সাইলেজ তৈরিতে কোনটি উপযোগী?**
ক) মাসকলাই খ) খেসারি
গ) গম ঘ) ভুট্টা

৬. **মাছের বৃদ্ধির কম হয় কখন?**
ক) শীতকালে খ) গরমকালে
গ) বর্ষকালে ঘ) বসন্তকালে

৭. **কাফ স্টার্টার কী?**
ক) মুরগির খাদ্য খ) পাখির খাদ্য
গ) বাছুরের খাদ্য ঘ) হাঁসের খাদ্য

৮. **মাছের পুষ্টি চাহিদা বলতে কোন চাহিদাকে বোঝায়?**
ক) শর্করার খ) স্নেহের
গ) আমিষের ঘ) ভিটামিনের

৯. **অ্যালজি চাষের উপকরণ হলো-**
i. অ্যালজি বীজ
ii. জলাধার
iii. ইউরিয়া
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১০. **সম্পূরক খাদ্য হিসেবে কোনটি প্রয়োগ করা হয়?**
ক) চালের কুঁড়া খ) ভাতের মাড়
গ) ঘাস ঘ) ভুট্টা

১১. **দশভাগ ফসল নষ্ট হয় কেন?**
ক) ইঁদুরের কারণে
খ) ভাইরাসের কারণে
গ) হাঁস-মুরগির কারণে
ঘ) ব্যাকটেরিয়ার কারণে

১২. **বৃষ্টিপাত জনিত ভূমিক্ষয় হচ্ছে?**
i. আস্তরণ ভূমিক্ষয়
ii. নালা ভূমিক্ষয়
iii. বায়ু প্রবাহ জনিত ভূমিক্ষয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:**
কৃষি কাজের মধ্যে গুরুত্বপূর্ণ হচ্ছে জমি প্রস্তুত। জমি চাষের কয়েকটি উদ্দেশ্য আছে। জমি ভালোভাসে চাষ না করলে আশানুরূপে ফলন পাওয়া যায় না।

১৩. **আগাছা দমন করা হলো-**
ক) জমি চাষের উদ্দেশ্য
খ) ভূমি কর্ষণের উদ্দেশ্য
গ) অধিক ফসল ফলানোর উদ্দেশ্য
ঘ) পরিবেশ পরিষ্কার রাখার উদ্দেশ্য

১৪. **জমি প্রস্তুতির প্রথম কাজ কী?**
ক) সেচ দেওয়া খ) চাষ দেওয়া
গ) বীজ বপন ঘ) আগাছা দমন

১৫. **কয়টি পর্যায়ে রোগিং করা হয়?**
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি

১৬. **পি এইচ এর মান কত হলে মাছ মারা যায়-**
ক) পাঁচ খ) ছয়
গ) বার ঘ) আট

১৭. **অচাষ যোগ্য মাছ কোনটি?**
ক) চিতল খ) ফলি
গ) চান্দা ঘ) টাকি

১৮. **আতুর পুকুরের আয়তন কত হলে ভালো?**
ক) ১০-২৫ শতক খ) ১০-২০ শতক
গ) ৫-১০ শতক ঘ) ২০-২৫ শতক

http://teachingbd.com

১৯. জুয়োপ্লাংকটন উপাদান কোনটি?
i. এনাবেনা ii. কপিপোড
iii. ড্যাফনিয়া
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) iii (ঘ) i ও iii

২০. বন্ধ জলাশয় শতকরা কত ভাগ?
(ক) ১৫ ভাগ (খ) ১২ ভাগ
(গ) ১৭ ভাগ (ঘ) ১০ ভাগ

২১. প্রথমবার মৎস্য আইন ভঙ্গকারীর জরিমানা কত?
(ক) সর্বোচ্চ ২,২০০ টাকা
(খ) সর্বোচ্চ ১,০০০ টাকা
(গ) সর্বোচ্চ ২,৫০০ টাকা
(ঘ) সর্বোচ্চ ২,০০০ টাকা

২২. প্রতি বছর কোন মাসে ইলিশ ধরা নিষিদ্ধ করা হয়েছে?
i. ১৫-২৪ অক্টোবর ii. ১-১০ আশ্বিন
iii. ১-১২ আশ্বিন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩. ইনকিউবেটরে কত ডিগ্রি কোণে ডিম বসাতে হয়?
(ক) ৩০° কোণে (খ) ৪৫° কোণে
(গ) ৩৫° কোণে (ঘ) ৬০° কোণে

২৪. শর্করা জাতীয় খাদ্য কোনটি?
(ক) গম (খ) খৈল
(গ) ঝিনুক (ঘ) চুনাপাথর

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:
সোহানা বৃষ্টিবহুল অঞ্চলে বাস করে। তার অনেক গুলো ভেড়া আছে। সে প্রতিদিন ভেড়া গুলোকে মাঠে ঘুরিয়ে নিয়ে বেড়ায়। সে ভেড়ার জন্য পুরো অংশ ছাঁদ দিয়ে সুন্দর কর ঘর তৈরি করল। সে প্রতি বছর ভেড়া থেকে প্রচুর উপার্জন করতে পারেন।

২৫. যেসব অঞ্চলে প্রচুর বৃষ্টিপাত হয় সেখানে কী ধরনর ঘর তেরি করতে হয়?
(ক) আবদ্ধ ঘর (খ) উন্মুক্ত ঘর
(গ) আধা উন্মুক্ত ঘর (ঘ) পরিষ্কার ঘর

২৬. ভেড়া কিভাবে সোহানাকে অর্থ উপার্জনে সাহায্য করে?
(ক) ভেড়ার পশম থেকে (খ) ভেড়ার দুধ থেকে
(গ) ভেড়ার গোবর থেকে (ঘ) ভেড়ার খাদ্য থেকে

২৭. উপকূলীয় লবণাক্ততা এলাকার প্রধান ফসল কী?
(ক) গম (খ) আলু
(গ) ধান (ঘ) ভুট্টা

২৮. ঈশ্বরদী ৩২ আখের জাতের বৈশিষ্ট্য কী?
(ক) লবণাক্ততা ও বন্যা সহিষ্ণু
(খ) খরা সহিষ্ণু
(গ) বন্যা সহিষ্ণু (ঘ) লবণাক্ততা সহিষ্ণু

২৯. প্রতি বছর দেশের কত শতাংশ জমি বন্যার কারণে বিভিন্ন মাত্রায় প্লাবিত হয়?
(ক) ২০% (খ) ২৫%
(গ) ২৩% (ঘ) ২৭%

৩০. ফসলের খরা সহ্যকরণ কয়টি কৌশল ব্যবহৃত হয়?
(ক) দুইটি (খ) চারটি
(গ) ছয়টি (ঘ) আটটি

৩১. খরা পরিহারকরণ কৌশল হলো-
i. পত্ররন্ধ্র নিয়ন্ত্রণ ii. প্রস্বেদন নিয়ন্ত্রণ
iii. দক্ষ মূলতন্ত্র
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) iii (ঘ) i, ii ও iii

৩২. আমাদের দেশের চাষিরা কোন কোন মাসে মাছ ধরে?
(ক) এপ্রিল-মে (খ) মার্চ-এপ্রিল
(গ) ফেব্রুয়ারি-মার্চ (ঘ) জুন-জুলাই

৩৩. মাছ চাষের ক্ষেত্রে আমাদের দেশের অবস্থান বিশ্বের কত তম?
(ক) ১ম (খ) ২য়
(গ) ৩য় (ঘ) ৫ম

৩৪. পরিবর্তিত পরিবেশ অভিযোজন কৌশল কতটি?
(ক) ৭টি (খ) ৮টি
(গ) ৯টি (ঘ) ১০টি

৩৫. পানি দূষণ হওয়ার কারণ কী?
(ক) বন্যাজনিত সমস্যা
(খ) জলোচ্ছাস জনিত সমস্যা
(গ) খরা জনিত সমস্যা
(ঘ) ঘূর্ণিঝড় জনিত সমস্যা

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | ক | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | গ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | খ |
| ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | গ | ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | ঘ | ৩৫ | ক | | | | | | | | | | |

http://teachingbd.com
Teachingbd.com